গণতন্ত্রে আমাদের অংশগ্রহণের দ্বারা অবস্থা এই দাঁড়াবে যে, যারা আমাদেরকে এতে বাধ্য করেছে, আমরা তাদের অনুরূপ হয়ে যাব। ইসলামের ও মুসলমানদের বিরুদ্ধে তাদের পদক্ষেপ ও উদ্যোগগুলোকে সফল করার ক্ষেত্রে আমরা তাদের অংশীদার হয়ে যাব। ইসলাম ও মুসলমানদেরকে ধ্বংস করার ক্ষেত্রে আমরা তাদের সহযোগী হয়ে যাব। তাদের মিশন বাস্তবায়নে আমরা তাদের স্থলাভিষিক্ত হয়ে যাব। তখন আমাদের অবস্থা হবে ওই কয়েদি ব্যক্তির ন্যায়, যাকে শত্রুরা হত্যার হুমকি দিয়েছে, আর এই ভয়ে সে আত্মহত্যা করেছে। আমাদের অবস্থা হবে সে সকল ইহুদিদের মত, যাদের ব্যাপারে আল্লাহ তায়ালা বলেন-

يخربون بيوتهم بايديهم وايدي المؤمنين

তারা নিজেদের হাতে এবং মুমিনদের হাতে নিজেদের গৃহগুলোকে বিধ্বস্ত করেছে।

তেমনি এ গণতন্ত্রে অংশগ্রহণের দ্বারা আমরাও যেন নিজেদের হাতে এবং কাফেরদের হাতে আমাদের দ্বীন ধর্মকে ধ্বংস করছি।

তৃতীয়তঃ ইকরাহ ও বাধ্যবাধকতা কি শিরক বা কুফরের অনুমতি দেয়? দিয়ে থাকলে কতটুকুরই বা অনুমতি দেয়??

শাইখ আব্দুল কাদের ইবনে আব্দুল আজিজ বলেন

ক. "ইকরাহ'র সংজ্ঞা: ইমাম ইবনে হাজার সবচেয়ে সংক্ষেপে ইকরাহ'র সংজ্ঞা দিতে গিয়ে বলেন, তা হল "কাউকে এমন কিছু করতে বাধ্য করা, যা সে চায় না"। (ফাতহুল বারী :১২/৩১১)

খ. ইকরাহ [শরীয়তের দৃষ্টিতে] গ্রহণযোগ্য হবার শর্তসমূহ: ইবনে হাজার রহমতুল্লাহি আলাইহি বলেন: **ইকরাহ'র শর্ত চারটি:**

১- বাধ্যকারী ব্যক্তি যে শাস্তির ভয় দেখাচ্ছে, তা প্রদান করতে সক্ষম হওয়া এবং বাধ্য ব্যক্তি পালিয়ে হলেও সে হুমকি মোকাবেলা করতে অক্ষম হওয়া।

২- বাধ্য ব্যক্তির মনে প্রবল ভাবে এই ধারণার সৃষ্টি হওয়া যে, সে কাজটি না করলে সত্যি সত্যি তার উপর শাস্তি নেমে আসবে।

৩- যে বিষয়ের হুমকি দেয়া হয়েছে, তা তৎক্ষণাৎ ঘটিতব্য হওয়া। অতএব যদি বলে: তুমি এমনটি না করলে আগামীকাল তোমাকে মারবো তবে এতে বাধ্য ব্যক্তিকে শরীয়তের দৃষ্টিতে বাধ্য ধরা হবে না। তবে যদি অতি অল্প সময়ের ব্যবধান হয় অথবা তার ব্যাপারে জানা থাকে যে, সে সাধারণত কথা ভঙ্গ করে না এই দুই অবস্থায় হুমকি তৎক্ষণাৎ ঘটিতব্য না হলেও তা ইকরাহ বলে গণ্য হবে।

৪- বাধ্য ব্যক্তির আচরণে উচ্চারণে এমন কিছু প্রকাশ না পাওয়া, যার দ্বারা বোঝা যায়, সে উক্ত কাজ করতে সম্মত।" (ফাতহুল বারি:১২/৩১১)

ইবনে হাজার তার এই বক্তব্যে যে হুমকি ইকরাহ বলে গণ্য হবে, তাৎক্ষণিকভাবে তার বর্ণনা না দিয়ে পরে তা উল্লেখ করেছেন। অতএব হুমকির প্রকৃতিটি পঞ্চম শর্ত হওয়ার দাবি রাখে। তাই আমরা বলতে চাই,

৫- হুমকির প্রকৃতি এবং তা ইকরাহ হিসেবে গ্রহণযোগ্য হবার সীমারেখা। ইবনে হাজার বলেন-

"হুমকির প্রকৃতি নিয়ে মতভেদ দেখা দিয়েছে। তবে ইমামগণ হত্যা, অঙ্গহানি, বেদম প্রহার, দীর্ঘ সময় আটকে রাখা ইত্যাদি বিষয়গুলো ইকরাহ হিসেবে গ্রহণযোগ্য হবার ব্যাপারে একমত হয়েছেন। তবে সামান্য প্রহার অথবা একদিন কি দুদিন বন্দী করে রাখা ইকরাহ বলে গণ্য হবে কিনা, সে বিষয়ে ইমামদের মতভেদ রয়েছে।"

উপরোক্ত বিষয়গুলোকে হানাফী ফকীহগণ দু'ভাগে বিভক্ত করেছেন

১. ইকরাহে মুলজি/ তাম (পূর্ণ জোরজবরদস্তি)।

২. ইকরাহে গায়রে মুলজি/নাকেস (আংশিক জোরজবরদস্তি) প্রথম প্রকার সংঘটিত হয়ে থাকে যদি হত্যা, অঙ্গহানি, মৃত্যু বা অঙ্গহানির আশঙ্কা তৈরি করে এমন বেদম প্রহার ইত্যাদির হুমকি দেয়া হয়।

দ্বিতীয় প্রকার সংঘটিত হয় যদি আটকে রাখা ও বন্দী করে রাখার ভয় দেখানো হয় অথবা এমন মারের হুমকি দেয়া হয়, যার দ্বারা জীবন সংশয় সৃষ্টি না হয়। (বাদাই'উস সানায়ে', রচয়িতা ইমাম কাসানী ৯/৪৪৭৯)

আর অধিকাংশ ওলামায়ে কেরামের বক্তব্য হলো, প্রথম প্রকার তথা পূর্ণ জোরজবরদস্তি ছাড়া কুফুরির ব্যাপারে অবকাশ অনুমোদিত নয়। এটাই হানাফী, মালেকী এবং হাম্বলী মাযহাবের ইমামদের মত। আর ইমাম শাফেয়ী বলেন -আটকে রাখা এবং বন্দী করে রাখা মুরতাদ হওয়ার জন্য জোরজবরদস্তি হিসেবে গ্রহণযোগ্য হবে। **উপরোক্ত মাসআলায়**

হানাফী ইমামদের বক্তব্য এসেছে বাদাই'উস সানায়ে' (৯/৪৪৯৩) গ্রন্থে।

মালিকি ইমামদের বক্তব্য এসেছে শারহে সাগীর (২/৫৪৮-৫৪৯) গ্রন্থে।

হাম্বলী ইমামদের বক্তব্য এসেছে মুগনী মা'আশ শারহিল কাবীর(১০/১০৭-১০৯) গ্রন্থে।

শাফেঈ ইমামদের বক্তব্য এসেছে মাজমু' (১৮/৬-৭) গ্রন্থে।

তবে এই বিষয়ে সকলেই একমত যে, কাউকে যদি কুফরি করার জন্য জোর জবরদস্তি করা হয়, অতঃপর সে মৃত্যুকে পছন্দ করে কুফুরি করা থেকে বিরত থাকে, তবে অবকাশ গ্রহণকারী ব্যক্তির চাইতে সে আল্লাহর কাছে বেশি প্রতিদান পাবে। হাফেজ ইবনে হাজার রাহমাতুল্লাহি আলাইহি ইবনে বাত্তাল এর সূত্রে এই মতটি বর্ণনা করেছেন। তার এ সংক্রান্ত বক্তব্য ফাতহুল বারী (১২/৩১৭) গ্রন্থে। একই বিষয়ে ইমামদের ঐক্যমত্য প্রতিষ্ঠিত হওয়ার বিষয়টি উল্লেখ করেছেন ইমাম কুরতুবি নিজ তাফসীর গ্রন্থে।

কুফরের জন্য কতটুকু জোরজবরদস্তি গ্রহণযোগ্য, এ বিষয়ে ইমামদের মতভেদপূর্ণ বক্তব্যের মাঝে ইমাম ইবনে তাইমিয়া রহমতুল্লাহি আলাইহি জুমহুর [অধিকাংশ] ইমামদের বক্তব্যকে প্রাধান্য দিয়েছেন। আর এটিই হাম্বলী ইমামদের বক্তব্য। তিনি বলেন-

"আমি সকল মাযহাব নিয়ে চিন্তা করেছি। এক পর্যায়ে পেলাম, জোরজবরদস্তি যে কাজের উপর জোর করা হচ্ছে, তার ভিন্নতার কারণে নানা রকম হয়ে থাকে। সুতরাং কুফরি বাক্য উচ্চারণের জন্য করা জোরজবরদস্তি আর কিছু দেয়া না দেয়ার উপর করা জোরজবরদস্তি একপর্যায়ের না। কারণ ইমাম আহমদ একাধিক জায়গায় সুস্পষ্টভাবে একথা বলেছেন যে, কুফরীর জন্য জোর প্রয়োগ তখনই গ্রহণযোগ্য হবে যখন প্রহার করা অথবা বন্দী করে রাখার মত শাস্তি তার ওপর শুরু হয়ে যাবে। কেবল মুখের হুমকি কুফরি করার জন্য জোরজবরদস্তি হিসেবে গ্রহণযোগ্য হবে না।

(আদ দিফা' 'আন আহলিস সুন্নাতি ওয়াল ইত্তিবা, রচয়িতা- হাম্মাদ ইবনে আতিক, পৃষ্ঠা-৩২) এবং (মাজমুয়াতুত তাওহীদ, পৃষ্ঠা-৪১৯)

জমহুরের বক্তব্যের পক্ষে দলিল হল শানে নুযুল। কারণ আম্মার ইবনে ইয়াসির ততক্ষণ পর্যন্ত কুফরি বাক্য উচ্চারণ করেননি, যতক্ষণ পর্যন্ত মুশরিকরা তাকে শাস্তি দিতে আরম্ভ করেনি। আল্লাহ তাআলার নিম্নোক্ত বাণীর সবচেয়ে প্রসিদ্ধ শানে নুযূল এটাই।

من كفر بالله من بعد إيمانه الامن أكره وقلبه مطمئن بالايمان —النحل:106)

হাফেজ ইবনে হাজার বলেন

"আর প্রসিদ্ধ বক্তব্য হচ্ছে, উল্লেখিত আয়াত হযরত আম্মার ইবনে ইয়াসিরের শানে অবতীর্ণ হয়েছে। যেমনটা আবু উবাইদা ইবনে মুহাম্মাদ ইবনে আম্মার ইবনে ইয়াসির সূত্রে এসেছে, তিনি বলেন "মুশরিকরা আম্মারকে পাকড়াও করে শাস্তি দিল। ফলে তিনি তাদের কথামতো তাদের ইচ্ছার কাছাকাছি কিছু বাক্য উচ্চারণ করলেন। অতঃপর রাসূলুল্লাহ ﷺ এর কাছে এসে নিজের ব্যাপারে অভিযোগ করলেন। তখন রাসুলুল্লাহ ﷺ বললেন- "তোমার অন্তরের অবস্থা কি ছিল? "তিনি বললেন- "ঈমানের ব্যাপারে আশ্বস্ত।" তখন নবীজী বললেন- "তারা আবার করতে বললে তুমি আবার করো"। বর্ণনাটি যদিও মুরসাল, তবে বর্ণনাকারী সকলেই নির্ভরযোগ্য।

[ইমাম তাবারী বর্ণনাটি উল্লেখ করেছেন। আর আব্দুর রাজ্জাক তা গ্রহণ করেছেন এবং তার থেকে আব্দ ইবনে হুমাইদ বর্ণনাটি গ্রহণ করেছেন।]

ইমাম বুখারি তালমীহের ক্ষেত্রে (ইঙ্গিতের মাধ্যমে মূল মাসআলার প্রতি দৃষ্টি আকর্ষণ করা) নিজ অভ্যাস অনুযায়ী কুফরীর জন্য অবকাশ দানকারী জোর-জবরদস্তির সীমারেখার প্রতি ইশারা করে নিজ সহি গ্রন্থের ইকরাহ অধ্যায়ে একটি পরিচ্ছেদ এনেছেন

এই নামে "যে ব্যক্তি কুফরের ওপর প্রহার, হত্যা ও অপদস্থতাকে প্রাধান্য দান করে, তার প্রসঙ্গে"। উক্ত পরিচ্ছেদে তিনি তিনটি হাদীস বর্ণনা করেছেন। প্রথমটি হলো হযরত আনাস সূত্রে বর্ণিত মারফু (যার সনদ রাসূলুল্লাহ পর্যন্ত) হাদিস

ثلاث من كُنّ فيه وجد حلاوة الإيمان ـ ومنها ـ وأن يكره أن يعود في الكفر كما يكره أن يقذف في النار"الخ

তিনটি জিনিস যার মাঝে রয়েছে, সে ঈমানের স্বাদ আস্বাদন করতে পেরেছে। তন্মধ্যে এক ব্যক্তি হলো সে, যে কুফরিতে ফিরে যাওয়াকে তেমনি অপছন্দ করে, আগুনে নিক্ষিপ্ত হতে যেমন অপছন্দ করে।

উক্ত হাদিসে এদিকে ইঙ্গিত রয়েছে যে, কুফরীতে ফিরে যাওয়া আগুনে নিক্ষিপ্ত হওয়া তথা পুরোপুরি ধ্বংস হয়ে যাবার বরাবর। অতএব জীবন সংশয় এবং ধ্বংস হয়ে যাবার আশঙ্কা সৃষ্টি না হলে কুফরীর ব্যাপারে কোনো অবকাশ নেই। আর এটিই অধিকাংশ ওলামায়ে কেরামের মতামত।

দ্বিতীয় হাদীস সাঈদ ইবনে যায়েদ থেকে বর্ণিত, তিনি বলেন" আমি নিজেকে এমন অবস্থায় দেখেছি যে উমর ইসলাম গ্রহণের কারণে আমাকে বন্দি করে রেখেছে"।

উক্ত হাদিসে ঘটনা এসেছে যে, উমর ইবনে খাত্তাব রাদিয়াল্লাহু তাআলা আনহু ইসলাম গ্রহণের পূর্বে সাঈদ ইবনে যায়েদকে বেঁধে রাখতেন এবং ইসলাম থেকে ফিরে আসার জন্য বন্দি করে রাখতেন। উক্ত হাদিসে এ বিষয়টিও রয়েছে যে, ইসলাম থেকে ফিরে আসার ব্যাপারে অবকাশের প্রশ্নে বন্দী করে রাখা জোরজবরদস্তি হিসেবে গ্রহণযোগ্য নয়।

তাই আমরা দেখতে পাচ্ছি, উক্ত হাদিসে শাফী মাযহাবের আলেমদের বক্তব্যকে খণ্ডন করা হয়েছে। কারণ তারা বলেন, মুরতাদ হওয়ার জন্য আটকে রাখা এবং বন্দী করে রাখা জোরজবরদস্তি বলে গণ্য হবে। অতঃপর ইমাম বুখারী হযরত খাব্বাব এর মারফূ হাদীস বর্ণনা করেছেন।

قد كان من قبلكم يؤخذ الرجل فيُحفر له في الأرض فيُجعل فيها، فيجاء بالمنشار فيوضع على رأسه فيُجعل نصفين، ويمشط بأمشاط الحديد من دون لحمه وعظمه، فما يصدّه ذلك عن دينه-الحديث

অর্থ: তোমাদের পূর্বে যারা ছিল, তাদের কাউকে কাউকে ধরে জমিনে গর্ত করে তাতে পুঁতে ফেলা হতো, করাত এনে কারো কারো মাথায় রেখে তা দ্বিখণ্ডিত করে ফেলা হতো, কারো কারো গোশত ও হাড্ডির মাঝামাঝিতে লোহার চিরুনি দিয়ে আচঁড়ানো হত, কিন্তু কোন কিছুই তাদেরকে আল্লাহর দ্বীন থেকে ফেরাতে পারত না। আল হাদিস।

হাদীসে রাসূলুল্লাহ ﷺ ঐ সকল লোকদের প্রশংসা করেছেন, যারা কুফরি করার ওপর নিহত হওয়া এবং শাস্তি পাওয়াকে প্রাধান্য দিয়ে তা গ্রহণ করেছেন। ইমাম বুখারি এই হাদীস এনে যে দলিলের দিকে ইঙ্গিত করেছেন, তা পুরোপুরি গুরুত্বপূর্ণ নিম্নোক্ত মাসআলাটির ব্যাপারে উম্মতের ওলামায়ে কেরামের ইজমা'র সঙ্গে সঙ্গতিপূর্ণ "যে ব্যক্তি কুফরি না করে তথা কুফরীর অবকাশ গ্রহণ না করে নিহত হয়ে যাওয়াকে পছন্দ করলো, সে অধিকতর প্রতিদান লাভ করবে।"

[শাইখ আব্দুল কাদের ইবনে আব্দুল আজিজ রচিত "আল জামে ফি তালাবিল ইলমিশ শারিফ" থেকে সংগৃহীত বক্তব্য এখানেই শেষ।]

অতএব এ বিষয়টি স্পষ্ট হয়ে গেল, অতি প্রয়োজন থাকা সত্ত্বেও কুফরি প্রকাশ অনুমোদিত নয়। বরং একমাত্র পরিপূর্ণ জোর-জবরদস্তির কারণেই তার অনুমতি বিধান করা হয়েছে।

চতুর্থত: যদি আপনারা এই গণতন্ত্রের ব্যাপারে জোর-জবরদস্তির শিকার হন, তবে তো এই ভূমি ছেড়ে আপনাদের হিজরত করা ওয়াজিব। কারণ কখনো কোন জায়গায় নামাজ ত্যাগের ব্যাপারে যদি আপনারা জোর-জবরদস্তির শিকার হন, তখন যদি আপনাদের উপর হিজরত ওয়াজিব হয়,তবে এখানে তাওহীদ ত্যাগের ব্যাপারে জোর-জবরদস্তির শিকার হওয়া সত্ত্বেও হিজরত কেমন করে ওয়াজিব না হয়?!

ইমাম আলওয়াশারিসি তার শ্রেষ্ঠ গ্রন্থ "আসনাল মাতাজিরৃফি বয়ানি আহকামি মান গালাবা 'আলা ওয়াত্বনিহি আন নাসারা ওয়ালাম ইউহাজিরৃওয়ামা ইয়াতারাত্তাবু আলাইহি মিনাল 'উক্কুবাতি ওয়ায যাওয়াজির" এ বলেন-

"নিঃসন্দেহে কুফরীর ভূমি থেকে ইসলামের ভূমিতে হিজরত করা কেয়ামত দিবস পর্যন্ত একটি ফরয দায়িত্ব। একইভাবে জুলুম এবং ফেতনার কারণে হারাম এবং বাতিল কার্যকলাপের ভূমি থেকে হিজরত করা ফরজ। রসূলুল্লাহ ﷺ বলেন "অচিরেই এমন একটা সময় আসবে, যখন মানুষের শ্রেষ্ঠ সম্পদ হবে বকরি, যা নিয়ে সে ফিতনা থেকে নিজের দ্বীনকে বাঁচানোর জন্য পাহাড়ের চূড়ায় এবং মরুভূমিতে-জঙ্গলে আশ্রয় নেবে।" বোখারী।

আশহাব ইবনে মালেক বর্ণনা করেন "কেউ যেন এমন স্থানে অবস্থান না করে, যেখানে অন্যায় অবিচার সংঘটিত হয়"। (ইমাম আলওয়াশারিসির বক্তব্য এ পর্যন্তই)

ইমাম আলুসি রুহুল মাআনীতে নিম্নোক্ত আয়াতের তাফসীরে বলেন

ألم تكن ارض الله واسعة فتهاجروا فيها

"কোন কোন আলেম উক্ত আয়াত দ্বারা এমন স্থান থেকে হিজরত ওয়াজিব হওয়ার পক্ষে দলিল দিয়েছেন, যেখানে ব্যক্তি নিজের দ্বীন পালন করতে অক্ষম। এটাই ইমাম মালেকের মাযহাব।"

আবু বকর ইবনে আরাবী মালেকী নিজ তাফসীরগ্রন্থ 'আহকামুল কোরআনে' হিজরতের প্রকারভেদ বর্ণনা করতে গিয়ে বলেন-

প্রথম প্রকার: দারুল হরব থেকে দারুল ইসলামে হিজরত করা।
দ্বিতীয় প্রকার: বিদআত অধ্যুষিত এলাকা থেকে হিজরত করা।

ইবনুল কাসিম বলেন, আমি ইমাম মালিককে বলতে শুনেছি, কারো জন্য এমন ভূমিতে অবস্থান করা হালাল নয়, যেখানে সলফে সালেহীনকে গালি দেয়া হয়।

আর এটাই বিশুদ্ধ মত। কারণ অন্যায় প্রতিরোধের সামর্থ্য যখন না থাকে, তখন তা থেকে দূরে থাকাই বাঞ্ছনীয়। আল্লাহ তা'আলা বলেন

وإذا رايت الذين يخوضون في اياتنا فأعرض عنهم حتى يخوضوا في حديث غيره ،واما ينسينك الشيطان فلا تقعد بعد الذكرى مع القوم الظالمين

আর যখন আপনি দেখেন তারা আমার আয়াত নিয়ে আসার বাক্যালাপে লিপ্ত হয়েছে,তখন তাদের থেকে দূরে সরে যান যতক্ষণ না তারা অন্য বিষয়ে আলোচনায় আসে। আর যদি শয়তান আপনাকে এবিষয়টি ভুলিয়ে দেয়,তবে স্মরণ হবার পর জালিম সম্প্রদায়ের সঙ্গে আপনি বসবেন না।

আমি আবু বক্কর ফাহরি নামে আমাদের এক পরহেজগার শাইখকে বলেছি: আপনি মিশর ভূমি থেকে আপনার এলাকায় সফর করেন। তখন তিনি বলেন, আমি এমন দেশে প্রবেশ করতে চাই না, যেখানে মূর্খতার প্রসার আর জ্ঞানের অভাব। তখন আমি তাকে বলি: 'আপনি মক্কায় চলে যান। আল্লাহর প্রতিবেশী হিসেবে সেখানে অবস্থান করেন'। কারণ আমি জানতাম, এখান থেকে বের হওয়া ফরয। কারণ এখানে বিদআত এবং হারামের সয়লাব।

তৃতীয় প্রকার: এমন ভূমি থেকে হিজরত করা, যেখানে হারামের সয়লাব। কারণ হালাল তলব করা প্রতিটি মুসলমানের ওপর ফরজ। (তাফসীরে আহকামুল কুরআন থেকে সংগৃহীত)

পরিশেষে বলতে চাই

একজন মুসলমান তার ফিতরাত ও সুস্থ রুচিবোধের সাহায্যে ইহুদি খ্রিস্টানরা খুশি হয়, এমন প্রতিটা বিষয়ে তাদের বিরোধিতা করার মধ্য দিয়ে সত্য ও ন্যায়ের পথ পেয়ে যাবার যোগ্যতা রাখে। কারণ আল্লাহ তাআলা বলেনঃ

ولن ترضى عنك اليهود ولا النصارى حتى تتبع ملتهم

ইহুদি খ্রিস্টানরা আপনার প্রতি কখনোই সন্তুষ্ট হবে না, যতক্ষণ না আপনি তাদের আদর্শ অনুসরণ করেন।

অতএব কোন মুসলমানের প্রতি তাদের সন্তুষ্ট থাকাটাই উক্ত মুসলমান তাদেরকে অনুসরণ করার লক্ষণ। এ কারণেই দূরদর্শী সচেতন লোকেরা সর্বক্ষেত্রে তাদের বিরোধিতা করে থাকে। তারা যা চায় তার বিপরীত কাজ করে থাকেন।

৮ নং সংশয়: ক্রমান্বয় ও ধারাবাহিকতা

এক আলোচক বলছিলেন, উমর ইবনে আব্দুল আজিজকে যখন তাঁর ছেলে বনু উমাইয়ার অন্যায় কার্যকলাপের ব্যাপারে কিছু করার জন্য পীড়াপীড়ি করলেন, তখন তিনি ছেলেকে বলেছিলেন: "তুমি কি এতোটুকুই যথেষ্ট মনে করো না যে, আমি প্রতিদিন একটি করে বিদআত দাফন করবো আর একটি করে সুন্নত জিন্দা করব?!" আলোচক বলতে চাচ্ছিলেন,আমরা ক্রমান্বয়ে ধারাবাহিকভাবে বর্তমান পরিস্থিতির পরিবর্তন ঘটাবো। আর গণতন্ত্রে আমাদের অংশগ্রহণ এমনই এক ধারাবাহিকতার অংশ। এজাতীয় ভ্রান্ত বক্তব্যের অপনোদনে আমরা বলতে চাই

প্রথমত: কিতাব সুন্নাহের সুস্পষ্ট প্রমাণাদি আমাদের নিকট বিদ্যমান। সেগুলো পুরোপুরি এই গণতান্ত্রিক সিস্টেমের সঙ্গে সাংঘর্ষিক। অতএব শরীয়তের সুস্পষ্ট প্রমাণাদির মুখে উমর ইবনে আব্দুল আজিজ-এর বক্তব্যকে দাঁড় করানো জায়েজ হবে না।

দ্বিতীয়তঃ যে ধারাবাহিকতা এবং ক্রমানুসরণের কথা উমর ইবনে আব্দুল আজিজ বলেছেন, তাতে হালালকে হারাম করা অথবা হারামকে হালাল করা, আল্লাহ কর্তৃক নির্ধারিত হারামের সীমানা পদদলিত করা কিংবা আল্লাহর সঙ্গে শিরকের মত জঘন্য কোনো ব্যাপার ছিল না।

ধারাবাহিকতা বলতে উনি বোঝাচ্ছিলেন এমন এক কর্মপন্থা ও পদক্ষেপ, যা ক্রমে ক্রমে সকল অন্যায় সংশোধনকে এমনভাবে সম্ভবপর করে তুলবে যে, বনু উমাইয়াও তার ওপর ক্ষিপ্ত হবেনা। তার এমন বক্তব্য প্রমাণ করছে যে, বনু উমাইয়ার অসাধু একটি চক্রের দাপটের কারণে তিনি এক নিমেষে সবকিছু সংশোধন করে ফেলতে অক্ষম ছিলেন। এই অক্ষমতার কারণে অন্যায় প্রতিরোধের কেবল ওতটুকুই তার উপর ওয়াজিব হবে, তার যতটুকুর সাধ্য রয়েছে।

আর অন্যায় সংশোধনে নিজ অক্ষমতার কারণে কিছু কিছু অন্যায়ের ব্যাপারে চুপ থাকাটা যখন তার বেলায় জায়েজ, তখনো সরাসরি হারাম কাজে তার নিজের অংশগ্রহণের অনুমতি নেই।

একইভাবে হে গণতন্ত্রের ধ্বজাধারীরা!
ক্রমানুবর্তিতার দোহাই দিয়ে তোমাদের জন্যও গণতন্ত্রে অংশগ্রহণের অনুমতি নেই। ক্রমানুবর্তিতার দোহাই দিয়ে আল্লাহর শরীয়তকে অকার্যকর বলে মেনে নেয়া এবং এর প্রতি সমর্থনদান তোমাদের জন্য জায়েজ হবে না।ধারাবাহিকতার যুক্তি দিয়ে আল্লাহর শরীয়ত বিরোধী মানব রচিত সংবিধানের ওপর ভোট দেয়া তোমাদের জন্য জায়েজ হবে না।ক্রমানুবর্তিতার ঠুনকো যুক্তি দেখিয়ে জনগণকে ক্ষমতার উৎস মনে করা এবং সন্তুষ্টচিত্তে তাদের ইচ্ছা-অনিচ্ছার সামনে মাথা নত করা তোমাদের জন্য জায়েজ হবে না।

এমন ধারাবাহিকতা তো অবশ্যই শরীয়ত গর্হিত, যা গাইরুল্লাহকে আইন প্রণয়নের বৈধতা দেয়। এমন পর্যায়ক্রম তো অবশ্যই শরীয়ত বিরোধী, যা ব্যক্তিকে অন্যায় কাজে সমর্থনদান ও সম্মতিপ্রকাশে বাধ্য করে।

আমরা তো তোমাদের কাছে এই দাবি করছি না যে, একদিন এক রাতের ভেতরেই এই পরিস্থিতি পরিবর্তন করে ফেলো। কারণ সেটা তোমাদের আমাদের কারোই সামর্থ্যে নেই। আমরা বরং তোমাদের কাছে চাচ্ছি, তোমরা যাতে এমন পন্থা ও মাধ্যম গ্রহণ না করো, যা তাওহীদকে ভেঙে দেয় এবং আল্লাহর বান্দাদের জন্য শিরকের দরজা খুলে দেয়।

আমরা উমর ইবনে আব্দুল আজিজ -এর উক্ত পর্যায়ক্রমিক পন্থাকে অভিযোগের দৃষ্টিতে দেখি না; বরং তার যথার্থতা আমরা স্বীকার করি এবং তাতে উৎসাহিত করি। কিন্তু তার সেই পন্থা আর তোমাদের এই পন্থার মাঝে যে কোনো সম্পর্কই নেই!

যে পর্যায়ক্রমিক পন্থা আমাদেরকে গণতন্ত্রের দিকে নিয়ে যায়, তা বাস্তবে ইউরোপিয়ানদের অনুসরণ; তা কোন সুষ্ঠু ধারাবাহিক পন্থা নয়।

শরীয়ত সম্মত প্রকৃত ধারাবাহিক পন্থা হচ্ছে, সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়কে দিয়ে আরম্ভ করে ধারাবাহিকভাবে অগ্রসর হওয়া। শাখা-প্রশাখার পূর্বে মূলে হাত দেয়া। আংশিক ও গৌণ বিষয়ের পূর্বে সামগ্রিক ও মুখ্য বিষয় সামনে আনা। জাগতিক উন্নতির উপর দ্বীনি উন্নয়নকে অগ্রাধিকার দেয়া। আমল পরিশুদ্ধ করার পূর্বে আকিদার বিশুদ্ধতা নির্মাণে মনোনিবেশ করা।

নিঃসন্দেহে আকিদা সংক্রান্ত মৌলিক নীতিমালার মাঝে সর্বাধিক গুরুত্বপূর্ণ যে বিষয়টি অন্য সকল কিছুর পূর্বে জনমানুষকে অনুশীলন করানো দরকার, তা হল, 'বিধানদাতা একমাত্র আল্লাহ তাআলা' এই চেতনা।

আর তোমরা গণতন্ত্রে অংশগ্রহণের মধ্য দিয়ে সুবিশাল এই ভিত্তিকেই গুঁড়িয়ে দিলে। আর এখন অনির্ভরযোগ্য এক চেতনার ভিত্তির উপর দাঁড়িয়ে তোমরা নিজেদের দাওয়াহকে প্রতিষ্ঠা করতে চাচ্ছো। ভিত্তি-নির্মাণ যদি হয় ত্রুটিপূর্ণ-তবে প্রাসাদ হতে হতে সেই ঘা বহুগুণ বৃদ্ধি পায়।

সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহ বলেন-

"একটি ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা এবং সে ব্যবস্থার ভিত্তিতে একটি মুসলিম সমাজ গড়ার চিন্তা করার পূর্বে সর্বপ্রথম আমাদেরকে সমাজ সদস্যদের অন্তর গাইরুল্লাহ দাসত্ব থেকে মুক্ত হওয়ার বিষয়ে মনোনিবেশ করতে হবে;পূর্বে আমাদের বলে আসা যে কোন প্রকারেই হোক না কেন সে দাসত্ব। এরপর গাইরুল্লাহ দাসত্ব থেকে মুক্তমনের সে মানুষগুলো একটি জামাতের অধীনে সংঘবদ্ধ হবে। আর এই জামাত, যার প্রতিটি সাথীর অন্তর আকিদাগতভাবে এবং ইবাদত ও পূর্ণাঙ্গ জীবনের বিধি-বিধানের দিক থেকে গাইরুল্লাহ দাসত্ব থেকে মুক্ত, তাদের নিয়েই একটি মুসলিম সমাজ গড়ে উঠবে।

এরপর যার যার ইচ্ছা হয়, সে ঐ সমাজের আকিদা বিশ্বাস,ইবাদতের পথ ও পদ্ধতি এবং শরীয়ত ও জীবন বিধান; যার প্রতিটি ক্ষেত্রেই বিমূর্ত হয়ে ওঠে একমাত্র আল্লাহর দাসত্ব, সেসব নিজের মাঝে ধারণ করে সে সমাজের সঙ্গে যুক্ত হয়ে যাবে। ধারাবাহিকতা ও ক্রমানুসরণের দাবি তো হলো, আমরা তাওহীদ ও একত্ববাদ দিয়ে আমাদের মিশন শুরু করবো। তাওহীদ মানুষকে শিক্ষা দেব। সমাজের মধ্যে আকিদাগত যে ভয়ানক ভ্রান্তি রয়েছে, সেসব অপনোদন করব। শিরকের যত চিহ্ন আছে, সবকিছু দূর করব।শিরক ও বিদআতের সংমিশ্রণ মুক্ত স্বচ্ছ পরিশুদ্ধ আকিদা মানুষের অন্তরে বপন করবো। কারণ মানুষের আকিদা ও ধর্মমত বিকৃত হয়ে যাবার চেয়ে ভয়ংকর কিছু নেই। এই ব্যাধির চেয়ে গুরুতর আর কোন ব্যাধি নেই। অন্য সবকিছুর পূর্বে আমাদের এ নিয়েই কাজ করা উচিত।

জ্ঞানী ব্যক্তির শরীরে যখন দু'রকম দুটো ব্যাধি দেখা দেয়, তখন সে অতি বিপদজনক ব্যাধির চিকিৎসা আগে করে। সর্বোপরি দাওয়াতের ক্ষেত্রে রাসুলুল্লাহ ﷺ-এর সুন্নাহ ছিল, সর্বপ্রথম তাওহীদ ও একত্বের বিশ্বাস প্রতিষ্ঠা করা ও মানুষের অন্তরে তা বদ্ধমূল করার দিকে মনোনিবেশ করা, এরপর অন্য বিষয় নিয়ে ভাবনা করা। তিনি আপন দূতদের এমনটিই ওসিয়ত করতেন। আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসুলুল্লাহ ﷺ যখন মুয়াজকে ইয়ামানে পাঠালেন, তখন বললেন, তুমি আহলে কিতাবদের একটি সম্প্রদায়ের কাছে যাচ্ছো। সর্বপ্রথম তুমি তাদেরকে যে বিষয়ের দাওয়াত দিবে, তা হল, আল্লাহ তা'আলার ইবাদত।

যখন তারা আল্লাহকে চিনতে পারবে, তখন তাদেরকে সংবাদ দেবে যে, আল্লাহ তাআলা দিনে-রাতে তাদের উপর পাঁচবার নামাজ ফরজ করেছেন। যখন তারা এ কাজ করবে, তখন তাদেরকে সংবাদ দেবে, আল্লাহ তাআলা তাদের উপর যাকাত ফরজ করেছেন, যা তাদের ধনীদের কাছ থেকে নিয়ে তাদের দরিদ্রদের কাছে ফিরিয়ে দেয়া হবে। এটাও যখন তারা মেনে নেবে, তখন তাদের থেকে তুমি সম্পদ গ্রহণ করবে আর হ্যাঁ, তাদের সর্বোৎকৃষ্ট সম্পদগুলো গ্রহণ করা থেকে তুমি বিরত থাকবে। ইমাম মুসলিম হাদীসটি বর্ণনা করেছেন।

পাঠক! রাসূলুল্লাহ ﷺ-এর উক্তিটি ভাবুন। "সর্বপ্রথম তুমি তাদেরকে যে বিষয়ের দিকে আহ্বান করবে, তা হল আল্লাহ তা'আলার ইবাদত"। নবীজির এই উক্তি থেকে বোঝা যায়, ইসলামের অন্য সকল রোকনের পূর্বে তাওহীদের দাওয়াত দেয়া ওয়াজিব। কেবল রোকন নয়, বরং সকল ফরজ, সুন্নত এবং মুস্তাহাবের তুলনায় তাওহীদ অগ্রগণ্য।

অতঃপর রাসূলুল্লাহ ﷺ-এর এই উক্তিটি লক্ষ করুন "যখন তারা আল্লাহকে চিনতে পারবে"। নবীজির এই উক্তি থেকে বোঝা যাচ্ছে, তাওহীদের শিক্ষাদান অব্যাহত রাখা ওয়াজিব; মানুষ তা পুরোপুরি বুঝে ওঠা এবং মেনে নেয়া পর্যন্ত। এরপর অন্যান্য বিষয়ের দিকে যাওয়া হবে। না বুঝে কেবল মেনে নেয়াই অন্যান্য বিষয়ের দিকে যাওয়ার জন্য যথেষ্ট হবে না।

এরপর রাসুলুল্লাহ ﷺএর এই উক্তি লক্ষ করুন "অতঃপর যদি এ বিষয়ে তারা তোমার আনুগত্য স্বীকার করে"। নবীজির এই উক্তি থেকে বোঝা যায়, ধারাবাহিকতার এই পন্থা গ্রহণ করতে হবে এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়টিকে প্রাধান্য দিয়ে এবং তা দিয়ে শুরু করে তবেই সামনে এগোতে হবে। কোন একটি রোকনের দিকে ততক্ষণ পর্যন্ত যাওয়া যাবেনা, যতক্ষণ তার পূর্বেরটা মানুষ পুরোপুরি বুঝে না উঠবে এবং সেভাবে তা পুরোপুরি মেনে না নেবে।

এটাই প্রকৃত ধারাবাহিকতা ও ক্রমানুসরণ, যা স্বয়ং রাসূলুল্লাহ ﷺ চর্চা করেছেন এবং অন্যদেরকে এর আদেশ করেছেন। আল্লাহর দায়ীদেরও উচিত, নববী এই পন্থা অনুসরণ করে সর্বপ্রথম লা ইলাহা ইল্লাল্লাহ-এর দাওয়াত প্রদান করা। তার প্রকৃত অর্থ নিজেরা শিক্ষা করা এবং অন্যদেরকে শিক্ষা দেয়া।

আল্লাহ তা'আলা বলেন فاعلم أنه لا اله إلا الله
(শাব্দিক অনুবাদ): "অতএব জানুন যে, আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই"

অর্থাৎ হে নবী! আপনি লা ইলাহা ইল্লাল্লাহ-এর রোকনসমূহ এবং শর্তসমূহ জানুন। জানুন এর বিপরীত বিষয়গুলো এবং তা ভঙ্গকারী কারণগুলো। জানুন তা প্রয়োগ ও বাস্তবায়নের পদ্ধতি। কারণ মুসলমান এই কালেমার মর্মকথা অনুধাবন এবং কর্মে তা বাস্তবায়ন ছাড়া মুক্তি পেতে পারে না।

তাই দায়ীদের উচিত এই কালেমা দিয়ে শুরু করা।কারণ ইসলাম নামক প্রাসাদের এটিই ভিত্তি ও প্রথম ইট। সংশোধন ও সংস্কারের পথে এটিই প্রথম পদক্ষেপ।

আজ মুসলমানরা সবচেয়ে বেশি যে বিষয়টির অভাবে ভুগছে, তা হল এই কালিমার সঠিক বুঝ। এমন কত মুসলমান আছে, যারা দিনে পাঁচ বার এই কালেমা মুখে উচ্চারণ করে, অথচ নিজের কাজের কারণে দশবার তা ভঙ্গ করে! এমন কত মুসলমান রয়েছে, যারা মনে করে, কেবল মুখে কালিমা উচ্চারণ করলেই মুক্তি পাওয়া যাবে, চাই যে কাজই সে করুক না কেন! কেউ কেউ তো এরকমও মনে করে, ঈমান ভঙ্গের কোনো কারণই নেই। ভয়ানক ব্যাপার হল, কতক লোক নিজেদেরকে দীনের দায়ী মনে করে। লোকেরাও তাদেরকে তেমনই মনে করে। অথচ তারা মাথার তালু থেকে পায়ের গোড়ালি পর্যন্ত ইরজায় (একটি ভ্রান্ত মতবাদ) ডুবে আছে। এ বিষয়ে যে তারা কিছুই জানে না, সেটাও তারা জানে না।

এরপর কথা হল, উমর ইবনে আব্দুল আজিজ রহমতুল্লাহি আলাইহি প্রতিদিন একটি সুন্নত জিন্দা করতেন এবং একটি বিদআত দাফন করতেন । কিন্তু হে গণতন্ত্রের এজেন্টরা! আমরা তো দেখতে পাচ্ছি আপনারা এর বিপরীতটা করে যাচ্ছেন। আপনারা সুন্নতকে দাফন করছেন আর বিদআত জন্ম দিচ্ছেন।

আপনারা কুরআনে কারীম দ্বারা বিচার ফয়সালা করার সুন্নাহকে মাটি দিয়েছেন আর নিন্দনীয় মানব রচিত সংবিধান দ্বারা বিচার-ফয়সালা করার বিদআত জন্ম দিয়েছেন। আপনারা আল্লাহর দ্বীনের জন্য বন্ধুত্ব ও শত্রুতার সুন্নাহকে মাটি দিয়েছেন আর ভৌগলিক জাতীয়তাবাদের ভিত্তিতে শত্রু মিত্র নির্ণয়ের বিদআত জন্ম দিয়েছেন।

আপনারা তো নারী-পুরুষের মাঝে পার্থক্য বিধানের সুন্নাহকে মাটি দিয়ে অবাধ মেলামেশা এবং কথিত সমান অধিকারের বিদআতের জন্ম দিয়েছেন। আপনারা নারী গৃহে থাকবার সুন্নাহকে কবর দিয়েছেন আর সর্বক্ষেত্রে নারীর অংশগ্রহণের বিদআতকে সঞ্জীবিত করেছেন। নারীরা বোরকা-নেকাব দ্বারা নিজেদেরকে আবৃত রেখে শালীনতা বজায় রাখার সুন্নাহকে আপনারা ধ্বংস করেছেন আর পর্দাহীনতা ও বেহায়াপনার বিদআত জন্ম দিয়েছেন।

আপনারা কুরআন-সুন্নাহ আঁকড়ে ধরার সুন্নাহকে মিটিয়ে দিয়েছেন আর জাগতিক কল্যাণকে সর্বাগ্রে বিবেচনার বিদআত জন্ম দিয়েছেন। আপনারা আল্লাহ প্রদত্ত দ্বীনি মর্যাদাবোধকে মিটিয়ে দিয়েছেন আর চাটুকারিতা ও জালেমদের তোষামোদের বিদআত জন্ম দিয়েছেন। আপনারা দাড়ি ও পোশাক-পরিচ্ছদে ইসলামী দেহাকৃতির সুন্নাহকে মিটিয়ে দিয়েছেন আর দাড়ি মুণ্ডন ও পোশাকে-পরিচ্ছদে খ্রিস্টানদের সাদৃশ্যের বিদআত জন্ম দিয়েছেন। আপনাদের ধারাবাহিকতা এবং ক্রমান্বয়ে কাজ এগিয়ে নেবার পন্থা বুঝি সুন্নাহকে মাটি দিয়ে বিদআতকে জন্ম দিতে শেখায়?!

৯ নং সংশয়: গণতন্ত্রের বিষয়টি মতভেদপূর্ণ

কেউ কেউ বলেন, গণতন্ত্রের বিষয়টি ওলামায়ে কেরামের মাঝে মতভেদপূর্ণ। তাই এক শ্রেণীর আলেমের মত চাপিয়ে দিয়ে কাউকে এ থেকে নিষেধ করা উচিত হবে না। আমি বলব, এ বক্তব্যের বাহ্যিক অর্থ যেমন, এর অন্তর্নিহিত অর্থও তেমনি বিভ্রান্তিকর। কারণ তা হল রাসূলুল্লাহ ﷺ-এর আদেশ ও নির্দেশনাকে অনুচিত বিষয় দিয়ে বিশেষায়িত করা।

রসুলুল্লাহ ﷺ বলেন, "তোমাদের মধ্যে কেউ যদি কোন অন্যায় দেখে, তবে যেন হাত দ্বারা তা প্রতিহত করে"। আর অন্যায় বলা হয় প্রত্যেক এমন বিষয়কে, যা কিতাব সুন্নাহবিরোধী হয়। কোন বিষয় অন্যায় হিসেবে গণ্য হবার জন্য তার নিষিদ্ধতা বিরোধহীন ও অবিসংবাদিত হওয়া শর্ত না। কারণ কিতাব এবং সুন্নাহ স্বতন্ত্র দুটো দলিল, ঐক্যমত্যের শর্ত ব্যতিরেকেই যার উপর আমল করা ওয়াজিব। কোরআন সুন্নাহ দ্বারা হারাম বলে প্রমাণিত কোনো বিষয়কে আহলে ইলমদের কেউ কেউ বৈধ বলা উক্ত বিষয় অন্যায় হবার পথে বাধা নয়। কারণ মানুষের বক্তব্য দিয়ে কোরআন সুন্নাহকে বিচার করার কোন যৌক্তিকতা নেই।

যদি কোন বিষয় নিষিদ্ধ বলে প্রমাণিত হবার জন্য সে বিষয়ে নিষিদ্ধতা কিতাব ও সুন্নতে রসূল থাকাটা যথেষ্ট না হয় বরং এর জন্য সকল উলামায়ে কেরামের একমত হওয়া শর্ত হয়, তবে এর অর্থ হল, কিতাব এবং সুন্নতে রসূল দলিল হিসাবে তখনই গ্রহণযোগ্য হবে, যখন সকল মানুষ একমত হতে পারবে। অথচ এমন ধারণা চরম বিভ্রান্তিকর।

সঠিক পন্থা হলো, কোন মাসআলার ব্যাপারে যদি উলামায় কেরামের দুই বা ততোধিক মত ও বক্তব্য থাকে, তবে দলিলের সঙ্গে অধিক সঙ্গতিপূর্ণ মত কোনটি সেটা জানার জন্য কিতাব ও সুন্নাহর দিকে ফিরে যাওয়া ওয়াজিব; কারণ আমাদের মূল দায়িত্ব হচ্ছে দলিল মানা, একইভাবে অন্য সকল মত বর্জন করা এবং মানুষকে সে বিষয়ে সতর্ক করা ওয়াজিব; কারণ সেগুলো কুরআন-সুন্নাহ'র বিপরীত।

আর যদি প্রতিটি বক্তব্যের পক্ষে কিতাব-সুন্নাহ থেকে সমপর্যায়ের সুস্পষ্ট দলিল বিদ্যমান থাকে, অথবা সমপর্যায়ের না হলেও কাছাকাছি পর্যায়ের সুস্পষ্ট দলীল বিদ্যমান থাকে, তবে এক্ষেত্রে কারো মতামত অন্যের উপর চাপিয়ে দেয়া উচিত নয়।

অতএব বিরোধপূর্ণ মাসআলাসমূহে কোন একটাকে প্রাধান্য দেয়া ওয়াজিব এবং সঠিক সিদ্ধান্তে পৌঁছার জন্য এ কাজ বাধ্যতামূলক। আর এভাবে প্রাধান্যদান ব্যতিরেকে অন্ধভাবে কোন একটা মতের উপর আমল করা এক প্রকার বিভ্রান্তি। প্রাধান্যদান ওয়াজিব হওয়ার ব্যাপারে দলিল হল আল্লাহ তাআলার নিম্নোক্ত উক্তি

فإم تنازعتم في شيء فردوه الى الله والرسول ان كنتم تؤمنون بالله واليوم الاخر—النساء:

যদি কোন বিষয়ে তোমাদের মাঝে মতভেদ দেখা দেয়, তবে সেটিকে আল্লাহ এবং তাঁর রাসূলের কাছে উত্থাপন করো যদি তোমরা আল্লাহ এবং শেষ দিবসের প্রতি ঈমান রেখে থাকো। (সূরা+ আয়াত নং)

আল্লাহ তায়ালা আরও ইরশাদ করেন

وما اختلفتم فيه من شيء فحكمه الى اللهالشورى

তোমরা যে বিষয়েই মতভেদে লিপ্ত হও না কেন,তাতে সিদ্ধান্ত দানের ক্ষমতা আল্লাহর। (সূরা+ আয়াত নং)

এখন যদি ওলামায়ে কেরামের বক্তব্য বিভিন্ন রকম হয়, একটি সঙ্গে অপরটির বিরোধ দেখা দেয়, তবে সে সকল বক্তব্যকে কোরআন

ও সুন্নাহের আলোকে বিচার করা এবং কোরআন সুন্নাহর সঙ্গে অধিক সঙ্গতিপূর্ণ মতামতকে গ্রহণ করে সে অনুযায়ী আমল করা ওয়াজিব।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহিমাহুল্লাহ বলেন

"উলামায়ে কেরাম প্রবৃত্তি ও খাহেশাতের দ্বারা কোন বিচার-আচার করা অথবা ফতোয়া দেয়া হারাম হবার ব্যাপারে ঐকমত্যে পৌঁছেছেন। একইভাবে অধিক গ্রহণযোগ্য মত যাচাই না করে বিনা বিচারে কোন একটি মত বা বক্তব্য গ্রহণ করা হারাম হওয়ার ব্যাপারে একমত হয়েছেন"।

ইবনুল কায়্যিম রহিমাহুল্লাহ বলেন

"কোন ব্যাক্তির জন্য গ্রহণযোগ্য মত যাচাই না করে নিজ ইচ্ছা মত কোন একটি বক্তব্য অথবা মাসআলার কোন একটি দিকের উপর আমল করা জায়েজ নয়। শুধু তাই নয়, কোন মাসআলার কোন একটি দিকের ওপর আমল করার জন্য কেবল এতটুকুই যথেষ্ট মনে করা যে, কোন একজন ইমামের এরূপ বক্তব্য রয়েছে কিংবা কোনো একটি জামাত এমন মত গ্রহণ করেছে এরূপ ধারণা থেকে যাচ্ছেতাই একটি মত অথবা দিক গ্রহণ করে নিজেদের উদ্দেশ্য

সাধন করা প্রকৃতপক্ষে নিজেদের ইচ্ছা-স্বাধীনতা ও আকাঙ্খাকে মাপকাঠি বানিয়ে তা দ্বারা সবকিছু বিচার করার নামান্তর। এমন পন্থা উম্মতের সর্বসম্মতিক্রমে হারাম"। (ই'লামুল মুয়াক্কিয়ীন)

অতএব যখন গ্রহণযোগ্য মত জানা যাবে এবং দুর্বল মত ও মাযহাব স্পষ্ট হয়ে যাবে, তখন যারাই ঐ বাতিল মত ও বক্তব্যের উপর আমলকে আঁকড়ে থাকবে, তাদেরকে এ থেকে নিষেধ করা অপরিহার্য হয়ে পড়বে। কারণ তাদেরকে এ থেকে নিষেধ না করার ফলে তাদের বাতিলপন্থা মানুষের মাঝে ছড়িয়ে পড়বে।

মাসায়েলে খেলাফ বা মতভেদপূর্ণ মাসআলা প্রধানত দুই প্রকার:

১. ইজতেহাদী মাসআলা: এগুলো এমন বিষয়, যার ব্যাপারে কোরআন-সুন্নাহে অকাট্য কোন প্রমাণ স্পষ্টভাবে বিধৃত হয়নি। ফলে মুজতাহিদ আলেমগণ নিজেদের সাধ্যমত সে বিষয়ে ইজতেহাদ করেছেন। এরূপ বিষয়াবলীতে যতক্ষণ পর্যন্ত কারও মতামত পূর্ববর্তী কোন ইজমা অথবা স্পষ্ট কোনো কিয়াস বিরোধী না হয়, ততক্ষণ পর্যন্ত অন্যের মতামত কারো উপর চাপিয়ে দেয়া যাবে না।

২. এমন সব মাসআলা যেগুলো কিতাব-সুন্নাহে স্পষ্টভাবে এসেছে এবং আলেমরা (তার খুঁটিনাটি বিষয় নিয়ে) মতভেদ করেছেন। এ বিষয়গুলোর ব্যাপারে আমরা বলেছি যে, এই ক্ষেত্রে প্রাধান্যদান এবং সর্বাধিক গ্রহণযোগ্য মত ও বক্তব্যের উপর আমল করা ওয়াজিব। এক্ষেত্রেও যদি দলিল ও প্রমাণাদি সবদিকেই সমান শক্তিশালী হয়, তবে তখন গিয়ে কাউকে কোন একটি মতামত গ্রহণে নিষেধ করা এবং অন্যের মতামত কারো উপর চাপিয়ে দেয়া ভুল হবে।

ইবনুল কাইয়িম অত্যন্ত গুরুত্বের সঙ্গে মাসায়েলে ইজতেহাদ (ইজতেহাদের অবকাশপূর্ণ মাসআলাসমূহ) এবং মাসায়েলে খেলাফ (যে কোন প্রকারের মতবিরোধপূর্ণ মাসআলাসমূহ) -এর মাঝে পার্থক্য করতে বলেছেন। তিনি বলেন-

"যে বলবে, মাসায়েলে খেলাফ-এ (যেসকল মাসআলায় মতভেদ দেখা দেয়, চাই কোরআন-সুন্নাহ ওর স্পষ্ট প্রমাণ বিদ্যমান থাকুক কিংবা না থাকুক) কাউকে কোনো পন্থা গ্রহণে নিষেধ করা যাবে না, তার কথা ভুল।"

অনেকেই বলে থাকেন, কোন মাসআলায় মতভেদ থাকার অর্থই হলো, সে মাসআলার ব্যাপারে কাউকে কিছু বলা যাবে না একথা সঠিক নয়। কারণ কাউকে কোন বিষয়ে নিষেধ করাটা হয়তো ঐ ব্যক্তির কোন বক্তব্যের কারণে হয়ে থাকবে অথবা ফতোয়ার কারণে কিংবা তার আমলের কারণে।

যদি প্রথমটা হয়ে থাকে, তখন কথা হল, কোন আলেমের বক্তব্য যদি সুন্নাহ অথবা উম্মতের সকল উলামায়ে কেরামের প্রতিষ্ঠিত ঐক্যমত্যের বিরোধী হয়, তবে সর্বসম্মতিক্রমে এমন বক্তব্য বর্জন করতে বলা ওয়াজিব। আর যদি এমন নাও হয়, তবুও তার মাঝে কোন দুর্বল দিক অথবা শরীয়তের গ্রহণযোগ্য কোনো দলিল-প্রমাণ বিরোধী কিছু থাকলে সেটা স্পষ্ট করে দেয়া পূর্বের মতোই প্রত্যাখ্যান বলে গণ্য হবে।

আর কারো আমলের ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপের বিষয়ে কথা হলো, যদি সে আমল সুন্নাহ অথবা উম্মতের সর্বসম্মত মতের বিরোধী হয়, তবে প্রত্যাখ্যানের মাত্রা অনুসারে এমন আমল প্রত্যাখ্যান করা ওয়াজিব। একজন ফকিহ্ কিভাবে একথা বলতে পারে যে, কোন একটি মাসআলা মতভেদপূর্ণ হলেই তাতে কাউকে কিছু বলা যাবে না? অথচ সারা বিশ্বের ফুক্বাহায়ে কেরাম স্পষ্ট করে বলে গেছেন যে, কোন শাসকের সিদ্ধান্ত যদি কোরআন-সুন্নাহবিরোধী হয়, তবে তা অকার্যকর বলে বিবেচিত হবে, যদিও কতিপয় উলামায়ে কেরাম তার সঙ্গে একমত থাকে?!

আর যদি কোন মাসআলার ব্যাপারে স্পষ্ট করে কোন সুন্নাহ অথবা উম্মতের ইজমা বর্ণিত না হয় এবং তাতে ইজতিহাদের সুযোগ থাকে, তবে সে মাসআলার ওপর আমলকারী ব্যক্তি মুজতাহিদ হন কিংবা মুকাল্লিদ (মুজতাহিদের ব্যাখ্যা অনুসরণকারী ব্যক্তি), তাকে কিছু বলা হবে না।

বস্তুত এ বিষয়ে সংশয় এভাবে তৈরি হয়েছে যে, অনেকেই ভেবেছে মতভেদপূর্ণ মাসআলাগুলোই মূলত ইজতিহাদের অবকাশ-পূর্ণ মাসআলা। যারা এমনটা মনে করে থাকে, তাদের ইলমের গভীরতা নেই।" (ই'লামুল মুয়াক্কিয়ীন: ১/৩৭৩)

যে কোন মতভেদপূর্ণ মাসআলার ব্যাপারে কাউকে কোন মতগ্রহণে নিষেধ না করতে পারার বক্তব্য এতটাই ভয়ানক যে, এর দ্বারা আল্লাহর দ্বীনের স্পষ্ট বিষয়াদি ও নিদর্শনাবলী বিকৃত হয়ে যেতে বাধ্য। এর কারণ হলো মতভেদপূর্ণ বিষয় অসংখ্য অগণিত।

ইবনুল কায়্যিম বলেন-

"আর যে সকল মাসআলার ব্যাপারে পূর্ববর্তী উলামায়ে কেরাম এবং পরবর্তীদের মাঝে মতভেদ দেখা দিয়েছে এবং আমরা সে ক্ষেত্রে সুনির্দিষ্ট একটি বক্তব্য সঠিক ও সর্বাধিক গ্রহণযোগ্য হবার ব্যাপারে নিশ্চিত হয়েছি, তা অনেক। উদাহরণস্বরূপ: গর্ভবতী মহিলা প্রসবের মাধ্যমে ইদ্দত পালন করবে। তিন তালাক প্রাপ্ত মহিলা প্রথম স্বামীর কাছে হালাল হওয়ার জন্য শর্ত হল, দ্বিতীয় স্বামী তাকে ভোগ করা। কেবল লজ্জাস্থান প্রবেশের দ্বারাই গোসল ওয়াজিব হয়ে যায়, যদিও বীর্যপাত না ঘটে। বেচাকেনায় বিনিময়হীন অতিরিক্ত অংশ সুদ হিসেবে হারাম। মুত'আ (ভোগের শর্তে সাময়িক বিবাহ) হারাম। নাবিয তথা নেশাদায়ক ফলের রস হারাম। কাফের হত্যার কারণে (ক্বিসাস স্বরূপ) মুসলমানকে হত্যা করা হবে না। নিজ ঘরে কিংবা সফরে সর্বাবস্থায় মোজার উপর মাসাহ করা বৈধ।

রুকুতে সুন্নত হল উভয় হাঁটুর ওপর উভয় হাত কেবল রেখে দেয়া, পুরো হাঁটু ঢাকার প্রয়োজন নেই। রুকুতে যাওয়ার আগে এবং পরে উভয় হাত উঠানো সুন্নত।ভূমি সহ অন্যান্য স্থাবর সম্পত্তিতে শুফআ সাব্যস্ত। কোন কিছু ওয়াকফ করা হলে তা জায়েজ আছে এবং তা পালন অপরিহার্য। সবকটা আংগুলের দিয়াত (অন্যায়কারীর ওপর ধার্যকৃত ক্ষতিপূরণ) সমান। তিন দেরহাম অথবা সমান মূল্যের কিছু চুরি করলে চোরের হাত কাটা হবে। লোহার আংটি মোহর হিসেবে প্রদান করা জায়েজ আছে। মাটিতে একবার হাত মেরে উভয় কবজি পর্যন্ত তায়াম্মুম করা জায়েজ আছে। মৃত ব্যক্তির আত্মীয়-স্বজন তার পক্ষ থেকে রোজা রেখে দিলে তা আদায় হয়ে যাবে। হাজী ব্যক্তি জামরায়ে আকাবা তথা বড় শয়তানকে পাথর নিক্ষেপ করা পর্যন্ত তালবিয়া (লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক) পাঠ করবে। ইহরাম বাঁধা ব্যক্তি ইহরাম বাঁধার পর নতুন করে সুগন্ধি ব্যবহার করতে না পারলেও পূর্বে ব্যবহৃত সুগন্ধি নিয়ে থাকতে পারবে।

নামাজে সালামের সুন্নত হল ডানে এবং বামে আসসালামু আলাইকুম আস-সালামু আলাইকুম বলে সালাম ফেরাবে। বেচাকেনায় খেয়ারে মজলিস (মুলামুলির বৈঠক পর্যন্ত বিক্রিত পণ্য নেয়া না নেয়ার এখতিয়ার) জায়েজ আছে। দুধ আটকে রাখা বকরি ফিরিয়ে দেয়ার সময় (বিক্রি-উত্তর ক্রেতার কর্তৃক গৃহীত) দুধের বিনিময় হিসেবে এক সা'(পরিমান বিশেষ) খেজুর ফিরিয়ে দিতে হবে। সূর্যগ্রহণের নামাজে প্রতি রাকাতে দুটো রুকু। একজন সাক্ষী এবং একবারের কসম দ্বারা বিচারের ক্ষেত্রে ফায়সালা করা জায়েজ আছে।

বলতে থাকলে শেষ হবেনা, এজাতীয় এত বেশি মাসআলা রয়েছে। এ কারণেই আইম্মায়ে কেরাম এমন ব্যক্তির সিদ্ধান্ত প্রত্যাখ্যাত হওয়ার বিষয়ে স্পষ্ট বক্তব্য দিয়েছেন, যে এজাতীয় মাসআলাগুলোর বিপরীত সিদ্ধান্ত দেয়। (ই'লামুল মুওআক্কিয়ীন:১/৩৭৩)

যে মাসআলাগুলো ইবনুল কাইয়িম উল্লেখ করলেন, প্রত্যেকটাতে মতভেদ রয়েছে। এগুলোতে সঠিক সিদ্ধান্তের বাইরে যে ব্যক্তি যাবে তাকে যদি নিষেধ না করা হয়, তবে আল্লাহর দ্বীনে অরাজকতা সৃষ্টি হবে।

আর যে শ্রেণীটা এই স্লোগান তুলে "আমাদের পারস্পরিক বিরোধের ক্ষেত্রে আমরা একে অপরকে অপারগ মনে করি" তাদের এই জিগির এতটাই ভ্রান্ত যে, তা ভুলকে মেনে নেয়া এবং সত্যের ব্যাপারে চুপ থাকার কথা বলে। কারণ হলো, অপারগ তো কেবল ওই ব্যক্তিকে মনে করা হবে, যে সত্য সঠিক পন্থাকে আঁকড়ে ধরেছে। যার বাতিল অবস্থান স্পষ্ট, তার ক্ষেত্রে কেন নমনীয়তা! তার বেলায় কেন অপারগতা?!

উপরোক্ত উক্তিকে বাস্তবে রূপ দিলে এই দাঁড়ায়, সকল বিদআতপন্থী দলের ব্যাপারে চুপথাকতে হবে এবং তাদেরকে কিছু বলা যাবে না। যারা আজ এই শ্লোগান দিচ্ছে তাদের প্রত্যেকের মাঝেই এ বিষয়টা দেখা দিয়েছে। আর বাস্তবতা সাক্ষী যে, বিকৃতি সাধনকারী ও সুযোগসন্ধানী মহল যখনই শরীয়তের দলিলের কাছে পরাজিত হয়েছে, তখনই "এ বিষয়টি মতভেদপূর্ণ" বলে পার পাবার চেষ্টা করেছে। বস্তুত তারা এই নীতি বাক্যকে ধারণ করে এর দ্বারা নিজেদের পথভ্রষ্টতা এবং কুরআন-সুন্নাহ বিকৃতির পক্ষে সাফাই গাইতে চায়।

পরিশেষে বলব-

গণতন্ত্রের এজেন্টদের মুখে বহুল চর্চিত কিছু সংশয়ের অপনোদনকল্পে এই কিছু কথা আমরা লিখে রাখলাম। এ জাতীয় সংশয় দ্বারা তারা নিজেদের অবস্থান সঠিক প্রমাণ করতে চায়। আর আমাদের এটাও জানা আছে যে, তাদের সৃষ্ট সংশয় এ কয়টার ভেতর থেমে থাকবে না। তাদের বিভ্রান্তি বৃদ্ধি পেতে থাকবে এবং আরো সজ্জিত আকারে

আর শয়তানের উদাহরণ হল ধূর্ত নেকড়ে বাঘের মত ≈একদিক থেকে সরিয়ে দিলে অন্য দিক দিয়ে এসে হামলে পড়ে।

কিন্তু প্রতি যুগেই আল্লাহ তাআলা এদের বিভ্রান্তির লাগাম টেনে ধরার জন্য এমন কাউকে নিয়োজিত করেন, যাকে তিনি সত্যের অমিয় সুধা পান করান। আর তা বাতিলের জন্য হয়ে থাকে মারাত্মক বিষ।

ইব্রাহিম ইবনে আব্দুর রহমান আল উযরী থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ ﷺ এরশাদ করেছেন

"প্রতিপ্রজন্মের ন্যায়বান লোকেরা এই ইলমের উত্তরসূরি হবে, যারা মূর্খদের অপব্যাখ্যা, বাতিলপন্থীদের দুরাচার এবং সীমালংঘনকারীদের বিকৃতি থেকে এই ইলমকে রক্ষা করবে। ইমাম বাইহাকী সুনানে কুবরা গ্রন্থে হাদিসটি বর্ণনা করেছেন।

তাই আল্লাহ তাআলার কাছে আমাদের প্রার্থনা, তিনি যেন নিজ অনুগ্রহে এবং অপার মহিমায় আমাদেরকে সে শ্রেণীর অন্তর্ভুক্ত করেন!

وصلى الله وسلم على سيدنا محمد وعلى آله وصحبه أجمعين

সমাপ্ত

পথভ্রষ্ট মুজাহিদ

মূলঃ শাইখ আনওয়ার আল আওলাকি রহিমাহুল্লাহ
অনুবাদঃ মাওলানা আজিজুর রহমান

সরল পথে অবস্থান কর, যেমনটা তুমি নির্দেশিত হয়েছ। এই মূহূর্তে সরল পথে থাকাটা খুবই সোজা। কিন্তু তোমার মধ্যে কি অন্য কোন পথে বিচ্যুত না হয়ে বছরের পর বছর এই পথে থাকার মত সেই দৃঢ়তা থাকবে? একারণে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই দুআটি বারংবার করতেন, "হে আল্লাহ, আপনি অন্তর ঘুরিয়ে দিতে সক্ষম, আমাদের অন্তর আপনার দ্বীনের উপর স্থির করে দিন।"

ইবন আল জাওযি বলেন:
এটা ২৮০ বা ২৭০ হিজরির ঘটনা। আব্দু ইবন আব্দুর রাহীম নামে একজন লোক ছিলেন। সে মুসলিম সেনার একজন মুজাহিদ ছিল। তারা সেসময় রোমান সাম্রাজ্যের সাথে যুদ্ধ করছিলেন। আব্দুর রাহীম লম্বা সময় ধরে জিহাদ করছিলেন। যুদ্ধের এক পর্যায়ে তারা একটি রোমান দুর্গ ঘেরাও করেন। মুজাহিদিনরা এই দুর্গে অবস্থানরত রোমানদের অবরোধ করে রেখেছিলেন। এই অবরোধের সময় আব্দুর রাহীম একজন নারীকে দেখেন। এটি তার জন্য একটি ফিতনা ছিল। তিনি তার সাথে পত্রবিনিময় করা শুরু করেন। এই মহিলাটি একজন রোমান মহিলা ছিলেন। মুসলমানরা তাদেরকেই ঘেরাও করে রেখেছিলেন। আব্দুর রাহীম যা করলেন, তা হল - তিনি রোমান মহিলার সাথে পত্রবিনিময় করতে লাগলেন। তিনি তাকে জিজ্ঞেস করলেন, "আমি কিভাবে দুর্গের ভেতরে ঢুকতে পারব?" মহিলাটি বলল, "তুমি খ্রীষ্টান হলে, আমি তোমাকে ভেতরে ঢুকতে দেব।"

এরপর আব্দুর রাহীম খ্রীষ্টান হয়ে গেলেন। পরের দিন মুসলিমরা দেখতে পেল, এই লোক যে তাদের সাথে একজন মুজাহিদ হিসেবে ছিলেন, সে ভেতরে রোমানদের সাথে আছে। এই ঘটনাটি তাদের অনেক বিষণ্ণ করে তোলে। কারণ এই লোকটি অনেক লম্বা সময় ধরে জিহাদ করছিলেন। তিনি কোরানের অনেকটুকু জানতেন এবং অনেক জ্ঞানী ছিলেন। এখন হঠাৎ করে ঐ মহিলাটিকে পাওয়ার জন্য সে তার ধর্মত্যাগ করে খ্রীষ্টান হয়ে গেল। এরপর কিছু বছর কেটে গেল। একদিন কিছু মুসলিম যারা ঐ লোকটিকে চিনতেন তারা সেই রোমান গ্রাম বা দুর্গের পাশ দিয়ে আবার যাচ্ছিলেন। তারা সেই লোকটিকে দেখল এবং তাকে বলল, "আমাদের সাথে আসো।" সে বলল, "না, আমি তোমাদের সাথে আসতে পারব না। আমি এখন এখানে স্থায়ী। আমি এখন বিবাহিত, আমার বাচ্চা আছে, আমার ব্যবসা আছে। আমি এখন এখানে স্থায়ী।" সে এখন একজন খ্রীষ্টান এবং সে ক্রুশ ঝুলিয়ে রাখে। তারা তাকে জিজ্ঞেস করলেন, "তোমার জিহাদ কোথায় গেছে? তোমার জিহাদের কি হয়েছে? তোমার ইলমের কি হয়েছে? তোমার কোরআনের কি হয়েছে?" সে বলল, "আমি ওগুলো সব ভুলে গেছি। আমি কোরআনের সব আয়াত ভুলে গেছি একটি আয়াত ছাড়া।" যেখানে আল্লাহ সুবহানা ওয়া তাআলা বলেন, একদিন অবিশ্বাসীরা চাইবে বিশ্বাসী হতে। তাই, তাদের খেতে ও নিজেদের ভোগ করতে দাও এবং তাদের মিথ্যা আশা ও কামনার অনুসরণ করতে দাও। কিন্তু শীঘ্রই তারা বুঝবে।"

সে কোরআনের সবকিছু ভুলে গেছে এটি ছাড়া। তার একটি আয়াত মনে আছে যা তাকে বলছে, যে একদিন কাফেররা চাবে যে তারা মুসলিম হোক। এবং আল্লাহ সুবহানা তাআলা বলেন, "তাদের খেতে এবং নিজেদের ভোগ করতে দাও, একদিন তারা বুঝবে। মিথ্যা আকাঙ্ক্ষাকে তাদের বোকা বানাতে দাও কিন্তু একদিন তারা সত্য বুঝতে পারবে।" যখন তুমি বিচ্যুত হও, যখন তুমি সরল পথ থেকে বিচ্যুত হও, তখন এটাই হয়। এই লোকটি, সে একজন মুজাহিদ ছিল এবং সে কোরআন সম্পর্কে জানত। সে অনেক আয়াত মুখস্ত করেছিল এবং তার অনেক ইলম ছিল। কিন্তু সে সরল পথে অটল ছিল না।

তাই সরল পথে অবস্থান কর। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, "সরল পথে অবস্থান কর।"

"তুমি হিদায়াতপ্রাপ্ত হওয়ার পর সরল পথ অনুসরন কর।"

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের একজন সাহাবী তাঁর কাছে এসে বললেন, "আমাকে একটি উপদেশ দিন। হে রাসুলুল্লাহ! আমাকে শ্রেষ্ঠ উপদেশটি দিন। আমাকে একটি উপদেশ দিন যাতে আমার আর কারও নিকট কোন উপদেশ চাওয়ার প্রয়োজন না পড়ে। আমি চাই আপনি আমাকে এমন একটি উপদেশ দিন যা আমার জন্য যথেষ্ট হবে।

" রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "বল, আমি আল্লাহতে বিশ্বাস করি এবং সরল পথে থাক।"

কারণ আমরা সহজেই বলতে পারি যে - আমরা বিশ্বাস করি।

আমরা সহজেই বলতে পারি যে - আমরা মুসলিম। কিন্তু গুরুত্বপূর্ণ বিষয়টি হচ্ছে সরল পথে থাকা। পরীক্ষা সেখানেই আছে। এবং সেখানেই অনেক লোকজন ব্যর্থ হয়। তারা সত্য কিছু সময় অনুসরণ করে, কিন্তু তারপর পৃথিবীর পরিবর্তনের হাওয়া তাদের ডানে থেকে বামে নিয়ে যায়। এবং এটি তার উপর ঘটে যাওয়া পরিনতি। কেন? সরল পথে অবস্থান। তুমি পিছলে পরলে, আর তুমি জান না বাঁধটি কত গভীর। এটা হচ্ছে আল্লাহর তাকওয়া। তুমি সত্য জান, এবং তুমি এতই চিন্তিত যে তুমি দৈনিক ১৭ বার সালাতে আল্লাহকে বলছ, "হে আল্লাহ, আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি। তাই, আমাদেরকে সরল পথ দেখাও।" ***আমরা ফরজ সালাতে আল্লাহ সুবহানা তাআলার কাছে ১৭বার বলি আমাদের সরল পথে পরিচালিত করতে। এবং নফলে আমরা সুরা ফাতিহা পড়ি। কেন আমরা এই আয়াত বার বার পড়ি? কারণ সরল পথে থাকাটা অনেক গুরুত্বপূর্ণ।***

প্রথমআলো-ডেইলি স্টার আপনাকে শেখাবে ক্ষমতাসীন আর ব্রাহ্মণ্যবাদীদের দৃষ্টিতে বর্তমানকে দেখতে। বিবিসি, সিএনএন, ভয়েস অফ অ্যামেরিকা আপনাকে শেখাবে পশ্চিমা কাফিরদের দৃষ্টিতে বর্তমাকে বিচার করতে। আর আমরা আপনাকে জানাব আমাদের বর্তমান প্রেক্ষাপট আর সাম্প্রতিক ঘটনাবলীর ব্যাপারে ইসলামের অবস্থান। তাই আমাদের সাথেই থাকুন, ইসলামের দৃষ্টিতে বাস্তবতাকে দেখতে নিয়মিত ভিজিট করুন।

https://dawahilallah.com/
https://alfirdaws.org/
http://gazwah.net/

আর আমাদের ইউটিউব চ্যানেল
সার্চ করুন এবং সাবস্ক্রাইব করুন